

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৬: সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

(16) _ باب الأمر بالمحافظة على السنة وآدابها

আরবী

فالأول: عن أبي هريرة رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: "دعوني ماتركتكم: إنما أهلك من كان قبلكم كثرة سؤالهم، واختلافهم على أنبيائهم، فإذا نهيتكم عن شيء فاجتنبوه، وإذا أمرتكم بأمر فأتوا منه ما استطعتم" (متفق عليه).

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

অর্থাৎ "আর রাসূল তোমাদেরকে যা দেন তা তোমরা গ্রহণ কর এবং যা হতে তোমাদেরকে নিষেধ করেন তা হতে বিরত থাক।" (সুরা হাশ্র ৭ আয়াত)

তিনি আরো বলেন,

অর্থাৎ "সে মনগড়া কথাও বলে না। তা তো অহী, যা তার প্রতি প্রত্যাদেশ হয়।" (সূরা নাজ্ম ৩-৪ আয়াত) তিনি আরো বলেন,

﴿ قُل؟ إِن كُنتُم؟ تُحِبُّونَ ٱللَّهَ فَٱتَّبِعُونِي يُحابِبِ كُمُ ٱللَّهُ وَيَعْاَفِر؟ لَكُم؟ ذُنُوبَكُم؟؟ ﴾ [ال عمران: ٣١]

অর্থাৎ "বল, তোমরা যদি আল্লাহকে ভালবাস, তাহলে আমার অনুসরণ কর। ফলে আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন এবং তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন।" (সূরা আলে ইমরান ৩১ আয়াত)

তিনি অন্যত্র বলেছেন,

﴿ لَّقَدا كَانَ لَكُما فِي رَسُول ٱللَّهِ أُساوَةٌ حَسَنَة اللِّمِن كَانَ يَراا جُواْ ٱللَّهَ وَٱلاَينوا مَ ٱلاا خِرَ ﴾ [الاحزاب: ٢١]

অর্থাৎ "তোমাদের মধ্যে যারা আল্লাহ ও পরকালকে ভয় করে এবং আল্লাহকে অধিক স্মরণ করে তাদের জন্য রাসূলুল্লাহর (চরিত্রের) মধ্যে উত্তম আদর্শ রয়েছে।" (সূরা আহ্যাব ২১ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ فَلَا وَرَبِّكَ لَا يُؤاكمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيانَهُما ثُمَّ لَا يَجِدُواْ فِيٓ أَنفُسِهِمِ ۚ حَرَجًا مِّمَّا قَضَيات وَيُسَلِّمُواْ تَسالِيمًا ٦٥ ﴾ [النساء: ٦٥]

অর্থাৎ "কিন্তু না, তোমার প্রতিপালকের শপথ! তারা বিশ্বাসী (মু'মিন) হতে পারবে না; যতক্ষণ পর্যন্ত তারা তাদের নিজেদের বিবাদ-বিসম্বাদের বিচারভার তোমার উপর অর্পণ না করে, অতঃপর তোমার সিদ্ধান্ত সম্বন্ধে তাদের মনে কোন দ্বিধা না থাকে এবং সর্বান্তঃকরণে তা মেনে নেয়।" (সুরা নিসা ৬৫ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ فَإِن تَنَّزَعا ٓ تُمْ فِي شَي ا عَ فَرُدُّوهُ إِلَى ٱللَّهِ وَٱلرَّسُولِ ﴾ [النساء: ٥٩]

قَالَ العلماء: معناه إِلَى الكتاب والسُنّة،

অর্থাৎ "আর যদি কোন বিষয়ে তোমাদের মধ্যে মতভেদ ঘটে, তাহলে সে বিষয়কে আল্লাহ ও রাসূলের দিকে ফিরিয়ে দাও।" (ঐ ৫৯ আয়াত)

আলেমগণ বলেন, এর অর্থ হলঃ কিতাব ও সুন্নাহর দিকে ফিরিয়ে দাও।

তিনি আরো বলেন.

﴿ مَّن يُطِع ٱلرَّسُولَ فَقَدااً أَطَاعَ ٱللَّهَا وَمَن تَوَلَّىٰ فَمَاۤ أَرااسَلااَنَّكَ عَلَياتِهِما حَفِيظًا ٨٠ ﴾ [النساء: ٨٠]

অর্থাৎ "যে রাসূলের আনুগত্য করল, সে আসলে আল্লাহরই আনুগত্য করল।" (ঐ ৮০ আয়াত)

তিনি অন্যত্রে বলেছেন,

﴿ وَإِنَّكَ لَتَهِ الدِي إِلَىٰ صِرِّطٍ مُّساتَقِيم ٥٢ صِرِّطِ ٱللَّهِ ﴾ [الشورا: ٥٦، ٥٣]

অর্থাৎ "আর নিশ্চয়ই তুমি সরল পথ প্রদর্শন কর---সেই আল্লাহর পথ----।" (সূরা শুরা ৫২ আয়াত)

তিনি আরো বলেন.

﴿ فَلاَ يَحاذَرِ ٱلَّذِينَ يُخَالِفُونَ عَن ؟ أُمارِهِ ؟ أَن تُصيبَهُم ؟ فِت اللَّهِ أَو الله عَذَابٌ أَلِيمٌ ﴾ [النور: ٦٣]



অর্থাৎ "সুতরাং যারা তার আদেশের বিরুদ্ধাচরণ করে তারা সতর্ক হোক যে, বিপর্যয় অথবা কঠিন শাস্তি তাদেরকে গ্রাস করবে।" (সুরা নূর ৬৩ আয়াত)

তিনি আরো বলেন,

অর্থাৎ "আল্লাহর আয়াত ও জ্ঞানের কথা যা তোমাদের গৃহে পঠিত হয়, তা তোমরা স্মরণ রাখ।" (সূরা আহ্যাব ৩৪ আয়াত)

হাদীসসমূহ:

১/১৬০। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''আমি যে ব্যাপারে তোমাদেরকে (বর্ণনা না দিয়ে) ছেড়ে দিয়েছি, সে ব্যাপারে তোমরা আমাকে ছেড়ে দাও (অর্থাৎ সে ব্যাপারে আমাকে প্রশ্ন করো না)। কারণ, তোমাদের পূর্ববর্তীরা তাদের অধিক প্রশ্ন করার এবং তাদের নবীদের সঙ্গে মতভেদ করার ফলে ধ্বংস হয়ে গেছে। সুতরাং আমি যখন তোমাদেরকে কোন জিনিস থেকে নিষেধ করব, তখন তোমরা তা হতে দূরে থাক। আর যখন আমি তোমাদেরকে কোন কাজের আদেশ দেব, তখন তোমরা তা সাধ্যমত পালন কর।"[1] (বুখারী ও মুসলিম)

English

(16) Chapter: Observing the Sunnah and the manners of its obedience

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Prophet (ﷺ) said, "Do not ask me unnecessarily about the details of the things which I do not mention to you. Verily, the people before you were doomed because they were used to putting many questions to their Prophets and had differences about their Prophets. Refrain from what I forbid you and do what I command you to the best of your ability and capacity".

[Al-Bukhari and Muslim]

ফুটনোট

[1] নাসায়ী ১৭১৯, ১৭২০, ১৭২১, ১৭২২, ১৭২৩, ১৭২৪, ১৭২৫, ১৭৮৯, ২১৭৭, ২১৭৮, ২১৭৯, ২৬১৯, আবূ দাউদ ২৪৩৪



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন